



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

মহান বিজয় দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে


সারাদেশে ৬১ হাজার ৮৩টি স্থানে জাতীয় পতাকা উত্তোলন,
বিশেষ দোয়া মাহফিল এবং আলোচনা সভা

ঢাকা, ১৫ ডিসেম্বর ২০১৭, শুক্রবার ॥

মহান বিজয় দিবস উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন আগামীকাল (১৬ ডিসেম্বর) সারাদেশে ৬১ হাজার ৮৩টি স্থানে জাতীয় পতাকা উত্তোলন, বিশেষ দোয়া মাহফিল এবং বিজয় দিবসের তাৎপর্য এবং সন্ত্রাস ও জঙ্গিবাদবিরোধী আলোচনা সভার আয়োজন করেছে। একই সাথে ১৬ ডিসেম্বর সকাল ১০.০০ টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদে মুক্তিযুদ্ধে শহীদদের রুহের মাগফিরাত কামনা করে পবিত্র কুরআনখানি, মিলাদ ও দোয়া মাহফিল এবং আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

ইসলামিক ফাউন্ডেশনের ৬৪টি জেলা ও বিভাগীয় কার্যালয়, ৫৫০টি উপজেলা/জোনে মডেল ও সাধারণ রিসোর্স সেন্টার, প্রাক্ প্রাথমিক গণশিক্ষার ৫৯ হাজার ৯৬৮টি কেন্দ্র, ৫০টি ইসলামিক মিশন, ১৯টি ইবতেদায়ী মাদ্রাসা ও ৪২৫টি মজুব এবং ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমীসহ মোট ৬১ হাজার ৮৩টি স্থানে যথাযোগ্য মর্যাদায় সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। একই সাথে সকল স্থানে বিজয় দিবসের তাৎপর্য এবং সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী আলোচনা সভা এবং বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।

এছাড়া ১৬ ডিসেম্বর শনিবার বাদ যোহর দেশের সকল মসজিদে মুক্তিযুদ্ধে শহীদদের রুহের মাগফিরাত কামনা এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মিলাদ ও দোয়া মাহফিল আয়োজনের জন্য ইসলামিক ফাউন্ডেশনের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে।


১৫.১২.১৭

(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক

জনসংযোগ শাখা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২